৪৬

দৈনিক ইনকিলাব

তারিখ ...FEB. 8 ..1999 ... ...
পৃষ্ঠা ৮ কলাম ২......

## বেসরকারী মাদ্রাসাসমূহে শিক্ষা অধিদপ্তরের পাঠানো ছুটির তালিকা ভুলে ভরা

**যশোর অফিস ঃ** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর দেশের বেসরকারী মাদ্রাসাসমূহে ১৯৯৯ সালের জন্য যে ছুটির তালিকা সরবরাহ করেছে তা ভুলে ভরা। এর ফলে মাদ্রাসা শিক্ষকরা বিভ্রান্তির মধ্যে পড়েছেন। ছুটির তালিকা ও বার হিসেবে অধিকাংশ ক্রমিকে আবোল-তাবোল দিন-তারিখ উল্লেখিত হয়েছে। কামিল মাদ্রাসায় বছরের ছুটির দিন কোথাও ৮৪ দিন, কোথাও ৮৫ দিন ও ১৫ মার্চ থেকে ২৪ মার্চ ১০ দিন হলেও ছুটির দেখানো হয়েছে ১৪ দিন। অসংখ্য ভুলের ছুটির তালিকা সরবরাহ করা হয়েছে। গত ১৭ জানুয়ারি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের পক্ষে সহকারী পরিচালক বিশেষ শাখা স্বাক্ষরিত ও এম ২০ বিঃ/৬২০/২৫০ স্মারকে।

উল্লেখ্য, এবারের পবিত্র রমজান মাসে একই অধিদপ্তর থেকে মাদ্রাসা, স্কুল, কলেজে ছুটি বন্ধ ঘোষণা করা হয়। অথচ পবিত্র রমজানের ছুটি ছিল চিরাচরিত নিয়মে।